

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১১০০

পর্ব - ৮ঃ বিবাহ (১যাب النكاح)

পরিচ্ছেদঃ ১০. লি'আন বা পরস্পরের প্রতি অভিশাপ প্রদান - নিজ সন্তানকে স্বীকৃতি দানের পর পুনরায় অস্বীকার করার ব্যাপারে সতর্কীকরন

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ _ رضي الله عنه _ أَنَّهُ سَمِعَ رَسُولَ اللَّهِ _ صلى الله عليه وسلم _ يَقُولُ _ حِينَ نَزَلَتْ آيَةُ الْمُتَلَاعِنَيْنِ: «أَيُّمَا امْرَأَةٍ أَدْخَلَتْ عَلَى قَوْمٍ مَنْ لَيْسَ مِنْهُمْ, فَلَيْسَتْ مِنَ اللَّهِ فِي شَيْءٍ, وَلَنْ يُدْخِلَهَا اللَّهُ جَنَّتَهُ, وَأَيُّمَا رَجُلٍ جَحَدَ وَلَدَهُ _ وَهُو يَنْظُرُ إِلَيْهِ _ احْتَجَبَ اللَّهُ عَنْهُ, وَفَضَحَهُ اللَّهُ عَلَى رُءُوسِ الْخَلَائِقِ الْأَوَّلِينَ وَالْآخِرِينَ». أَخْرَجَهُ أَبُو دَاوُدَ, وَالنَّسَائِيُّ, وَابْنُ مَاجَهْ, وَصَحَحَهُ ابْنُ حِبَّانَ

ضعيف. رواه أبو داود (2263)، والنسائي (679 _ 80)، وابن ماجه (2743)، وابن حبان (1335)

বাংলা

১১০০। আবৃ হুরাইরা (রাঃ) থেকে বর্ণিত, তিনি দু'জন লি'আনকারী সম্বন্ধে কুরআনের আয়াত নাযিল হবার সময় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছেন, যে নারী কোন সম্প্রদায়ের সাথে এমন বাচ্চাকে শামিল করে যে তাদের নয়, তার সাথে আল্লাহর কোন সম্পর্ক নেই এবং তিনি কখনো তাকে জান্নাতে প্রবেশ করবেন না। আর যে পুরুষ নিজের সন্তানকে চিনতে পেরেও অস্বীকার করলো, কিয়ামতের দিন আল্লাহ তার থেকে আড়ালে থাকবেন এবং সমস্ত সৃষ্টিকুলের সামনে তাকে অপমান করবেন। —ইবনু হিব্বান একে সহীহ বলেছেন।[1]

ফুটনোট



[1] ইমাম সনআনী সুবুলুস সালাম ৩/৩০৫ গ্রন্থে বলেন: আবদুল্লাহ বিন ইউনুস সাঈদ আল মাকবুরী থেকে একই বর্ণনা করেছেন। এই হাদীস ছাড়া আবদুল্লাহর অন্য কোন হাদীস পাওয়া যায় না। সুতরাং এর বিশুদ্ধতার বিষয়ে বিতর্ক রয়েছে। শাইখ আলবানী যঈফ আবূ দাউদ ২২৬৩, যঈফ নাসায়ী ৩৪৮১ গ্রন্থদ্বয়ে একে দুর্বল বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন